

## 💵 যাদুকর ও জ্যোতিষীর গলায় ধারালো তরবারি

বিভাগ/অধ্যায়ঃ যাদু প্রতিরোধের উপায় রচয়িতা/সঙ্কলকঃ ওয়াহীদ বিন আব্দুস সালাম বালী

বিংশ উপায়ঃ সকাল-সন্ধ্যায় এই দু'আ পড়া

تحصنت بالله الذي لا إله إلا هو ، إلهي وإله كل شيء ، واعتصمت بربي ورب كل شيء ، وتوكلت على الحي الذي لا يموت ، وستدفعت الشر بلا حول ولا قوة إلا بالله ، حسبي الله ونعم الوكيل ، حسبي الرب من العباد ، حسبي الخالق من المخلوق ، حسبي الرازق من المرزوق ، حسبي الذي هو حسبي ، حسبي الذي بيده ملكوت كل شيء وهو يجير ولا يجار عليه ، حسبي الله وكفى ، سمع الله من دعا، ليس وراء الله مرمى ، حسبي الله لا إله إلا هو عليه توكلت وهو رب العرش العظيم

অর্থঃ সেই আল্লাহকে রক্ষা কর্তা মেনেছি যাকে ব্যতীত আমার কোন উপাস্য নেই। তিনি আমার এবং সকল কিছুর উপাস্য। আমি আমার প্রভুকে আঁকড়ে ধরেছি এবং সেই চিরঞ্জীবির উপর ভরসা রাখি যার মৃত্যু নেই। এবং তারই কাছে অনিষ্টকে দমন করার সামর্থ চাই কেননা শক্তি-সামর্থ কেবল আল্লাহ তায়ালার। আল্লাহই আমার জন্যে যথেষ্ট এবং তিনিই উত্তম সাহায্যকারী। আমার প্রভু বান্দাদের অনিষ্ট থেকে রক্ষার জন্যে যথেষ্ট। সৃষ্টি কর্তা আমার জন্য যথেষ্ট সমস্ত সৃষ্টিজগত থেকে রক্ষার জন্যে। রিযিকদাতা হিসেবে আমার জন্যে যথেষ্ট। রিযিক গ্রহণকারীদের থেকে রক্ষা করতে। তার কাছেই আশ্রয় নিতে হয় তার বিরুদ্ধে নয়। আমার আল্লাহ আমার জন্যে যথেষ্ট যিনি ব্যতীত কোন উপাস্য নেই। আর তার উপরই আমার আস্থা এবং তিনিই মহৎ আরশের প্রভু।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5976

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন